


ভোক্তার তাগু



NO. 12/2002

## দুই অধ্যক্ষের হাতাহাতি

ঠাকুরগাঁও থেকে জেলা বার্তা পরিবেশক ১ কলেজের জমির সীমানা নিয়ে ২ কলেজ অধ্যক্ষের মধ্যে প্রথমে থাকবিত্তা ও এক পর্যায়ে হাতাহাতির ঘটনা ঘটেছে এবং তা খানা পুলিশ পর্যন্ত গড়িয়েছে।

ঘটনাটি ঘটেছে- রানীশঙ্কল উপজেলার রানীশঙ্কল মহিলা কলেজ ও রানীশঙ্কল কারিগরি কলেজের অধ্যক্ষের মধ্যে। সোমবার সকালে মহিলা কলেজের জমিতে কারিগরি কলেজের ছেলেরা জবরদখল করে গাছ রোপণ করছে বলে অভিযোগ করা হলে উভয় শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানস্বয় বাকযুদ্ধ শুরু করেন এবং এক পর্যায়ে তা হাতাহাতি ও মর্দুক্ষে রূপ নেয়। উপস্থিত লোকজনের হস্তক্ষেপে ঘটনাটি সাময়িকভাবে প্রশমিত হয়; কিন্তু এলাকায় উত্তেজনা এখনও বিরাজ করছে।

অধ্যক্ষস্বয় পরস্পরকে এ ব্যাপারে পোষারোপ করছেন। ঘটনাটি জেলা প্রশাসককে জানানো হয়েছে। এ ধরনের তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে ২ কলেজ প্রিন্সিপালের আচরণে এলাকাবাসী হতভম্ব।